

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date:25-10-2024**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**CM- MSSSKA:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল ধলাই জেলার আমবাসা টাউন হলে মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থ কৈশোর অভিযানের সপ্তম পর্বের রাজ্যভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন করেন। মুখ্যমন্ত্রী বলেন স্বাস্থ্য ঠিক না থাকলে শিশুর স্বাভাবিক বিকাশ ব্যাহত হবে। স্বাস্থ্য ঠিক থাকলে কিশোর কিশোরীদের পঠনপাঠন সঠিকভাবে হবে। ছাত্রীছাত্রীরা হচ্ছে দেশ ও রাজ্যের ভবিষ্যৎ। তাদের সুস্থ সবল রাখতে সরকার সর্বদা সচেতন। উল্লেখ্য এই বছর মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থ কৈশোর অভিযানের আওতায় ১১ লক্ষ ৩৬ হাজার শিশু এবং কিশোর কিশোরীকে আনা হবে। এই অভিযানে সদ্যোজাত থেকে ১৯ বছর বয়সী শিশু-কিশোরদের সুস্বাস্থ্য ১০০% সুনিশ্চিত করতে কৃমিনাশক ঔষধ, আয়রণ ও ফলিক এসিড পরিপূরক, ভিটামিন এ ট্যাবলেট প্রদান, টিটেনাস ও ডিপথেরিয়া টিকাকরণ সহ প্রায় ১২ টি স্বাস্থ্য পরিষেবা দেয়া হবে।

\*\*\*\*\*

**Courtesy meet :**

কেন্দ্রীয় সড়ক পরিবহণ এবং জাতীয় সড়ক প্রতিমন্ত্রী অজয় তামতা গতকাল মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা সাথে সৌজন্যমূলক সাক্ষাতে মিলিত হন। উভয়ের মধ্যে রাজ্য সড়ক পরিবহণ যোগাযোগ ব্যবস্থার উন্নতিকরণ, জাতীয় সড়ক সম্প্রসারণ সহ রাজ্যের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। আলোচনাকালে প্রতিমন্ত্রী অজয় তামতা ত্রিপুরার উন্নয়নে কেন্দ্রীয় সরকারের উদার দৃষ্টিভঙ্গীর কথা তুলে ধরেন।

\*\*\*\*\*

**Central Minister Press Meet:**

কেন্দ্রীয় পরিবহন সড়ক ও মহাসড়ক রাষ্ট্রমন্ত্রী অজয় তামতা জানিয়েছেন, ত্রিপুরায় ৬টি জাতীয় সড়কের উন্নয়নে ১২ হাজার কোটি টাকার ও বেশি খরচ হবে। এই সড়কের মোট দৈর্ঘ্য ৬৮৪ কিলোমিটার। ইতিমধ্যে এই জাতীয় সড়কগুলির ১৪টি প্রকল্পের কাজ শেষ হয়েছে। খরচ হয়েছে ৪ হাজার ২৭১ কোটি টাকা। আরো ১৫টি প্রকল্পের কাজ চলছে। তিনি গতকাল রাজ্য অতিথিশালায় সাংবাদিক সম্মেলনে এই তথ্য জানান। তিনি জানান আগরতলায় বিমান সড়ক জলপথ রেলপথ সংযোগে আসামের যোগীঘোপার অনুকরনে একটি লজিস্টিক পার্ক গড়ে তোলা হবে। জাতীয় সড়কের যে অংশগুলি দুই লেন রয়েছে সেগুলি চার লেনে রূপান্তর করা হবে। এরজন্য বেশ কিছু রাস্তার ডিপিআর তৈরির কাজ চলছে। তিনি বলেন, দক্ষিণ পূর্ব এশিয়ার করিডোর হিসেবে যাতে ত্রিপুরা পরিগণিত হতে পারে সে লক্ষ্যে বিভিন্ন প্রকল্প নেওয়া হচ্ছে। সাম্প্রতিক বন্যায় রাজ্যের যে সমস্ত সড়ক ক্ষতিগ্রস্ত হয়েছে সেগুলি মেরামত করার উদ্যোগ নেওয়া হয়েছে।

\*\*\*\*\*

**Journalist-Chhattisgarh:**

ত্রিপুরার সমৃদ্ধ প্রাকৃতিক ও সাংস্কৃতিক ঐতিহ্য অন্বেষণ এবং উন্নয়ন প্রক্রিয়ার গতি প্রকৃতি দেখার ও জানার উদ্দেশ্যে ছত্তিশগড় থেকে ১৪ জন সাংবাদিকের একটি দল পিআইবি'র ব্যবস্থাপনায় রাজ্যে সফর করছেন। আগামী রবিবার পর্যন্ত সফরকালে এই মিডিয়া দলটি রাজ্যের বিভিন্ন প্রজেক্ট ও ঐতিহ্যবাহী স্থান পরিদর্শন করবেন। ছত্তিশগড় থেকে আগত সাংবাদিকরা গতকাল রাজভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে সৌজন্য সাক্ষাৎকারে মিলিত হন। রাজ্যপাল তাদের কাছ থেকে ত্রিপুরা ভ্রমণের অভিজ্ঞতা শুনে বলেন, ত্রিপুরা অত্যন্ত শান্তিপূর্ণ রাজ্য।

শিক্ষা, স্বাস্থ্য ও পর্যটন ক্ষেত্রে ত্রিপুরায় হাব গড়ে ওঠার উজ্জ্বল সম্ভাবনা সম্পর্কেও রাজ্যপাল সাংবাদিকদের অবহিত করেন।

রাজ্যের ১৯টি জনজাতিগোষ্ঠী এবং জুম চাষের বিশেষত্ব সম্পর্কেও তিনি সাংবাদিকদের অবহিত করেন।

\*\*\*\*\*

#### **CM meet with the MLAs:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা গতকাল সন্ধ্যায় আগরতলায় সরকারি বাসভবনে বিধানসভার বিভিন্ন বিধায়কদের সঙ্গে আলোচনা করেছেন। মুখ্যমন্ত্রী জানান, বিধায়কদের কাছ থেকে নিজ নিজ এলাকার উন্নয়নমূলক কাজের অগ্রগতি সম্পর্কে তাকে বিস্তারিত জানিয়েছেন। জনগনের কল্যাণে বিধায়কদের পক্ষ থেকে উত্থাপিত বিষয় সম্পর্কে অবগত হন মুখ্যমন্ত্রী।

\*\*\*\*\*

#### **MSSSKA GOMATI:**

গোমতি জিলা পরিষদের সভাপতি দেবল দেবরায় গতকাল গোমতী জেলা ভিত্তিক মুখ্যমন্ত্রীর সুস্থ শৈশব সুস্থ কৈশোর অভিযানের সপ্তম পর্বের সূচনা করেন। তিনি বলেন, এটি সুস্বাস্থ্যের জন্য এক গুরুত্বপূর্ণ অভিযান। বালিকা বিবাহ রোধে এবং অল্পবয়সে গর্ভাবস্থা প্রতিরোধে ব্যাপক জনসচেতনতা সৃষ্টির উপর তিনি গুরুত্বারোপ করেন। তাছাড়া সদ্যোজাত থেকে ১৯ বছরের সমস্ত শিশু, কিশোরদের বয়স ভিত্তিক নিয়ম অনুসারে ওআরএস, আয়রন-ফলিক এসিড সিরাপ ও ট্যাবলেট, ভিটামিন এ পরিপূরক দেওয়া হবে।

\*\*\*\*\*

#### **ENFORCEMENT UDAIPUR:**

মহকুমা শাসকের নির্দেশে গতকাল উদয়পুর শহরের বেশ কিছু দোকান পরিদর্শনে যান এনফোর্স ডিপার্টমেন্টের আধিকারিকরা।

শহরের বিভিন্ন দোকানে মেয়াদ উত্তীর্ণ খাদ্য সামগ্রী ও মুদি দোকানের মেয়াদ উত্তীর্ণ মসলা পাওয়া যায়। খাদ্য দপ্তরের ইন্সপেক্টর দেবজ্যোতি চক্রবর্তী জানান অভিযানে বাজারে বিভিন্ন খাদ্য দোকানে পরিদর্শন করে বাজারকে নিয়ন্ত্রণ রাখার জন্য প্রশাসনের তরফ থেকে অভিযান চালানো হয়েছে। কোন কোন খাদ্য দোকানে মেয়াদ উত্তীর্ণ খাদ্য সামগ্রী পাওয়া গেছে। তাদের বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে প্রশাসনের তরফ থেকে বলে জানান।

\*\*\*\*\*

#### **Weather :**

ঘূর্ণিঝড় দানার প্রভাব ত্রিপুরায় সরাসরি না পড়লেও রাজ্যের দক্ষিণ, সিপাহীজলা এবং পশ্চিম জেলার কিছু জায়গায় ভারী বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া অন্যান্য জেলাগুলিতেও বিক্ষিপ্তভাবে বৃষ্টিপাত হতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি এবং সর্বনিম্ন ২২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*













PTC, South (Edited)





